

যুগান্তর

প্রিন্ট: ১০ জুলাই ২০২৫, ০৯:২৬ এএম

সারাদেশ

হাবিপ্রবিতে পরীক্ষা দিতে এসে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ নেতা আটক



দিনাজপুর প্রতিনিধি

প্রকাশ: ০৮ জুলাই ২০২৫, ১০:৩৯ পিএম



দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) পরীক্ষা দিতে আসা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের এক নেতাকে আটক করে পুলিশে দিয়েছেন শিক্ষার্থীরা।

মঙ্গলবার (৮ জুলাই) দুপুরে পরীক্ষা দেওয়ার সময় তাকে আটক করা হয়েছে। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডির সহায়তায় তাকে দিনাজপুর কোতোয়ালি থানায় সোপর্দ করা হয়েছে।

আটক ওই ছাত্রলীগ নেতার নাম সাব্বির মাহমুদ শুভ (২৫)। তিনি হাবিপ্রবির স্থাপত্য বিভাগের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং হাবিপ্রবি শাখা ছাত্রলীগের সর্বশেষ কমিটিতে যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন। ইতোমধ্যে তার অনার্স সম্পন্ন হয়েছে। তবে কয়েকটি বিষয়ে অকৃতকার্য ছিলেন শুভ। মঙ্গলবার স্পেশাল রিপোর্ট পরীক্ষায় অংশ নিতে ক্যাম্পাসে এসেছিলেন তিনি।

এ বিষয়ে হাবিপ্রবির প্রক্টর প্রফেসর ড. শামসুজ্জোহা জানান, আটক ওই শিক্ষার্থী ছাত্রলীগের পদধারী নেতা ছিলেন। আজ (মঙ্গলবার) বিশ্ববিদ্যালয়ে ওয়াজেদ ভবনে তৃতীয়তলায় তার পরীক্ষা ছিল। এ সময় সাধারণ শিক্ষার্থীরা তাকে চিনতে পেরে আটক করেন। যেন কোনো প্রকার মব সৃষ্টি না হয়, এজন্য বিষয়টি জানতে পেরেই ঘটনাস্থলে উপস্থিত হয়েছি। পরে ওই শিক্ষার্থীকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। এ বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক শাখা পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

এ বিষয়ে দিনাজপুর কোতোয়ালি থানার এসআই মাজেদুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থল থেকে ওই শিক্ষার্থীকে আটক করে থানায় আনা হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের পদধারী নেতা ছিলেন। প্রাথমিকভাবে জুলাই আন্দোলনে সংঘর্ষের ঘটনায় যুক্ত থাকার বিষয়ে প্রমাণ মিলেছে। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হবে।